বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল
Bangladesh Veterinary Council

৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
ফোন ঃ ৭৩৪৩২৬০, ফ্যাক্সঃ ৫৭৩১১৪২১, ই-মেইলঃ info@bvc.gov.bd, ওয়েবসাইটঃ www.bvc.gov.bd

স্মারক নং: ৩৩.০৮.০০০০.১০১.৬৬.০০১.২১-২৯৭ তারিখ: ০৭ নভেম্বর, ২০২৬খ্রি:

ঐতিহাসিক ৭ নভেম্বর ২০২৬
জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে বাণী

ঐতিহাসিক ৭ নভেম্বর বাংলাদেশের জাতীয় ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ দিন। ১৯৭৫ সালের এই দিনে সিপাহি-জনতার সম্মিলিত অভ্যুত্থান ও সংহতি দেশের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করে। এই দিনে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি মহান স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা, জেড ফোর্সের অধিনায়ক ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তাঁর সাহসী নেতৃত্ব, স্বাধীনতার ঘোষণা প্রচার এবং দেশপ্রেম জাতিকে মুক্তির সংগ্রামে অনুপ্রাণিত করেছিল। ১৯৭৫ সালের ৭ নভেম্বরের ঘটনাপ্রবাহেও তাঁর ভূমিকা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে বিশেষভাবে স্মরণীয়। ৭ নভেম্বরের চেতনা আমাদের জাতীয় ঐক্য, সংহতি, দেশপ্রেম, স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় দায়িত্বশীল হওয়ার শিক্ষা দেয়। এই চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশের সকল পেশাজীবী, বিশেষ করে ভেটেরিনারিয়ান সমাজকে পেশাগত সততা, দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে প্রাণিসম্পদ উন্নয়ন, জনস্বাস্থ্য সুরক্ষা, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ এবং ওয়ান হেলথ বাস্তবায়নে অবদান রাখতে হবে। আসুন, জাতীয় ঐক্য ও সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে একটি সমৃদ্ধ, উন্নত ও আত্মনির্ভরশীল বাংলাদেশ গড়ে তুলি। জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে দেশবাসীসহ সকল ভেটেরিনারিয়ান ও প্রাণিসম্পদ সংশ্লিষ্ট পেশাজীবীকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

09/11/2026

প্রফেসর ড. মো. বাহানুর রহমান
সভাপতি
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (বিভিসি)